




সাহিত্যে নোবেল জয় হাঙ্গেরির লাজলো ক্রাসনাহোরকাইয়ের



সংগৃহীত ছবি

২০২৫ সালের সাহিত্যে নোবেল পুরস্কার জিতেছেন হাঙ্গেরীয় লেখক লাজলো ক্রাসনাহোরকাই। শিল্প ও মানবতার গভীর সংযোগকে সাহিত্যিক শক্তিতে রূপ দেওয়ার অনন্য কৃতিত্বের স্বীকৃতিস্বরূপ তাকে এ সম্মান দিয়েছে সুইডিশ একাডেমি।

চলতি বছরের সাহিত্যে নোবেল পুরস্কার অর্জন করেছেন হাঙ্গেরির খ্যাতিমান সাহিত্যিক লাজলো ক্রাসনাহোরকাই। বৃহস্পতিবার (৯ অক্টোবর) স্টকহোমে আয়োজিত এক সংবাদ সম্মেলনে বিজয়ীর নাম ঘোষণা করে সুইডিশ একাডেমি।

নোবেল কমিটি জানিয়েছে, “অন্তিম সময়ের বিভীষিকা ও মানব অস্তিত্বের সংকটেও শিল্পের শক্তি ও সৌন্দর্য পুনরুদ্ধারে লাজলোর সৃষ্টিশীলতা অনন্য।”

১৯৫৪ সালে হাঙ্গেরির জিউলা শহরে জন্ম নেওয়া লাজলো আধুনিক ইউরোপীয় সাহিত্যের এক বিশিষ্ট নাম। তার লেখায় মানব মনের জটিলতা, সমাজের ভাঙন ও আশার পুনর্জাগরণ প্রতিফলিত হয়। সমালোচকদের মতে, তিনি মধ্য ইউরোপীয় সাহিত্যধারার এক মহাকাব্যিক উত্তরাধিকার বহন করছেন।

নোবেল ইতিহাসে এবার ১১৮তম বারের মতো সাহিত্য পুরস্কার প্রদান করা হলো। ১৯০১ থেকে ২০২৪ সাল পর্যন্ত মোট ১২১ জন লেখককে ১১৭ বার এ পুরস্কার দেওয়া হয়েছে। গত বছর এই পুরস্কার পেয়েছিলেন দক্ষিণ কোরিয়ার লেখক হান ক্যাং।